আইজিপির নামে প্রতারণা করতেন তিনি!

পুলিশ মহাপরিদর্শকসহ (আইজিপি) ঊর্ধ্বতন কর্মকর্তাদের নাম ব্যবহার করে প্রতারণার মাধ্যমে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগে টিপু মিয়া নামে এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।

বৃহস্পতিবার রাজধানীর পল্টনে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

গোয়েন্দা সূত্র জানায়, টিপু মিয়া পুলিশ মহাপরিদর্শকসহ বাহিনীর বিভিন্ন ঊর্ধ্বতন কর্মকর্তার নাম ব্যবহার করে এবং তাদের নামের পাশে নিজের ভুয়া স্বাক্ষর দিয়ে সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা আর্থিক প্রতিষ্ঠানে চিঠি পাঠাতেন। সেসব চিঠিতে তিনি বিজ্ঞাপন ও চাঁদা দাবি করে আসছিলেন। পুলিশ সপ্তাহ, জাতীয় শোক দিবস, বিজয় দিবস, স্বাধীনতা দিবস, বাংলা নববর্ষসহ গুরুত্বপূর্ণ বিশেষ দিনে পুলিশের সঙ্গে যৌথভাবে ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় পোস্টার, ফেস্টুন, ব্যানার, লিফলেট প্রকাশ করা হবে- এ তথ্য জানিয়ে তিনি প্রতারণার ফাঁদ পাতেন।

জানা গেছে, টিপু দীর্ঘদিন টিএম ট্রেডার্স নামে একটি প্রতিষ্ঠানে চাকরি করতেন। সেখানে থাকাকালে চিঠিপত্র আদান-প্রদান করতেন। ওই অভিজ্ঞতা কাজে লাগিয়ে প্রতারণা করে আসছিলেন টিপু।